গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

নম্বর : ৫৭.০০.০০০০.০৫৩.২২.০০২.২৩-৬৮

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩ / ২০ মে, ২০২৬

## প্রজ্ঞাপন

## স্বয়ংক্রিয় সফটওয়্যার এর মাধ্যমে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক বদলি নীতিমালা-২০২৬

দেশের বিভিন্ন অঞ্চলে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক বদলির প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় একটি নীতিমালার আওতায় স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে বদলি কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে নিম্নরূপ স্বয়ংক্রিয় সফটওয়্যার-এর মাধ্যমে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক বদলি নীতিমালা-২০২৬ প্রণয়ন করা হলো।

১.০। **শিরোনাম:**

১.১ এ নীতিমালা 'স্বয়ংক্রিয় সফটওয়্যার এর মাধ্যমে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক বদলি নীতিমালা-২০২৬' নামে অভিহিত হবে।

১.২ এ নীতিমালার কার্যকারিতা সরকার পৃথক প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারণ করবে।

২.০। **প্রযোজ্যতা:**

এমপিওভুক্ত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষকসহ সকল শিক্ষকের জন্য এ নীতিমালা প্রযোজ্য হবে।

৩.০। **বদলির সাধারণ শর্তাবলী ও বদলির কর্তৃপক্ষ:**

৩.১ কারিগরি শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠানভিত্তিক শূন্যপদের বিবরণ সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে প্রকাশ করবে।

৩.২ প্রকাশিত শূন্য পদের বিপরীতে কারিগরি শিক্ষা অধিদপ্তর বদলির আবেদন আহবান করবে।

৩.৩ সমস্তরের শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষকসহ অন্যান্য সকল শিক্ষকের সমপদ শূন্য থাকা সাপেক্ষে প্রতি বৎসর সরকারের সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আবেদন গ্রহণ, বদলির আদেশ জারি ও নতুন কর্মস্থলে যোগদান কার্যক্রম সম্পন্ন হবে।

৩.৪ এমপিওভুক্ত শিক্ষক কর্তৃক সরকার নির্ধারিত সময়ে অনলাইনে বদলি আবেদনের প্রেক্ষিতে অন্ত:বিভাগ শিক্ষক বদলি কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক পরিচালক কর্তৃক; অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষকগণের (অন্ত:বিভাগ ও আন্ত:বিভাগ) এবং অন্যান্য শিক্ষকগণের আন্ত:বিভাগ বদলি মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পন্ন হবে।

৩.৫ কারিগরি শিক্ষা অধিদপ্তর বদলি কার্যক্রম সম্পন্নের পরবর্তী ২০ (বিশ) কর্মদিবসের মধ্যে শিক্ষকের শূন্য পদে নিয়োগের চাহিদা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ নিশ্চিত করবে এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ পরবর্তী ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে শূন্য পদে নিয়োগের চাহিদা এনটিআরসিএ এর নিকট প্রেরণ নিশ্চিত করবে।

৩.৬ আবেদনকারী শিক্ষক তাঁর চাকরির আবেদনে উল্লেখকৃত নিজ জেলায় বদলির জন্য আবেদন করবেন। নিজ জেলায় পদ শূন্য না থাকলে নিজ বিভাগের যে কোন জেলায় বিদ্যমান শূন্য পদের বিপরীতে বদলির আবেদন করতে পারবে। এছাড়াও আবেদনকারী শিক্ষক স্বামী/স্ত্রীর নিজ জেলা অথবা স্বামী/স্ত্রীর কর্মস্থল জেলায় (স্বামী/স্ত্রী সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত থাকার শর্তে) বদলির আবেদন করতে পারবে।

৩.৭ প্রথম যোগদানের পর চাকরি ০২ (দুই) বছর পূর্ণ হলে শিক্ষক বদলির আবেদন করার জন্য যোগ্য হবেন।

৩.৮ বদলি হয়ে নতুন কর্মস্থলে যোগদানের পর ন্যূনতম ০২ (দুই) বছর কর্মে নিয়োজিত থাকার পর পরবর্তী বদলির জন্য আবেদন করতে পারবেন।

৩.৯ একজন শিক্ষক/কর্মচারী কর্মজীবনে সর্বোচ্চ তিনবার বদলি হওয়ার সুযোগ পাবেন।

৩.১০ একটি শূন্য পদের জন্য একাধিক আবেদন পাওয়া গেলে, নিম্নোক্ত অগ্রাধিকার বিবেচনা করতে হবে:-

(ক) নারী

(খ) দূরত্ব

(গ) স্বামী/স্ত্রীর কর্মস্থল (সরকারি/ আধা সরকারি/স্বায়ত্তশাসিত/ এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান)

(ঘ) জ্যেষ্ঠতা

৩.১১ বদলীকৃত প্রতিষ্ঠানে যোগদানকৃত শিক্ষক ঐ প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের জ্যেষ্ঠতাক্রমের নীচে অবস্থান করবেন।

৩.১২ একটি পদের জন্য প্রতিযোগী সকল আবেদনকারীর কর্মস্থল একই উপজেলায় হলে সে উপজেলার কেন্দ্র হতে কাঙ্খিত উপজেলার কেন্দ্র-এর দূরত্ব পরিমাপ এবং কর্মস্থলে অবস্থানকালীন মেয়াদ বিবেচনায় নিয়ে অগ্রাধিকার নির্ধারণ করতে হবে।

৩.১৩ একটি পদের জন্য প্রতিযোগী আবেদনকারী বিভিন্ন উপজেলার হলে তাদের কর্মস্থল যে উপজেলায় সে উপজেলার কেন্দ্র হতে কাঙ্খিত জেলার কেন্দ্র-এর দূরত্ব পরিমাপপূর্বক অগ্রাধিকার নির্ধারণ করতে হবে।

৩.১৪ একটি পদের জন্য প্রতিযোগী আবেদনকারীর কর্মস্থল বিভিন্ন জেলায় হলে তাদের স্ব-স্ব জেলার কেন্দ্র হতে কাঙ্খিত জেলার কেন্দ্রের দূরত্ব পরিমাপ করতে হবে।

৩.১৫ দূরত্ব পরিমাপের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়-এর অনুসৃত মডেল অনুসরণ করতে হবে।

৩.১৬ অসম্পূর্ণ বা ভুল তথ্য সম্বলিত আবেদন বিবেচনাযোগ্য হবে না। ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান প্রমাণিত হলে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

৩.১৭ প্রতিবছর বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক নিয়োগ সুপারিশ কার্যক্রমের পূর্বে কারিগরি শিক্ষা অধিদপ্তর শিক্ষক বদলি কার্যক্রম সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করবে।

৩.১৮ একটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে বছরে সর্বোচ্চ ০২ (দুই) জন শিক্ষক অগ্রাধিকারভিত্তিতে [নারী,দূরত্ব, স্বামী/স্ত্রীর কর্মস্থল (সরকারি/ আধা সরকারি/স্বায়ত্তশাসিত/ এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান) ও জ্যেষ্ঠতা] বদলির সুযোগ পাবেন। তবে এক বিষয়ে একজনের অধিক শিক্ষক বদলির সুযোগ পাবেন না এবং পারস্পরিক বদলির ক্ষেত্রে এ সংখ্যা প্রযোজ্য হবে না।

৩.১৯ আবেদনকারী শিক্ষক বদলির আবেদনে সর্বোচ্চ ০৩ (তিন) টি কাঙ্খিত প্রতিষ্ঠানের নাম প্রস্তাব/উল্লেখ করতে পারবেন।

৩.২০ সরকার জনস্বার্থে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষকসহ যেকোন শিক্ষককে বদলী করতে পারবে।

৪.০। **আবেদন নিষ্পত্তি প্রক্রিয়া:**

৪.১ বদলির সমগ্র প্রক্রিয়া নির্ধারিত স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন করা হবে।

৪.২ বদলিকৃত শিক্ষক ইনডেক্স পূর্বের প্রতিষ্ঠান থেকে বদলিকৃত প্রতিষ্ঠানে অন-লাইনে ট্রান্সফার হবে।

৪.৩ পারস্পরিক বদলির ক্ষেত্রে লিখিত আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ বদলি/পদায়ন এর বিষয়টি নিষ্পন্ন করতে পারবেন।

৪.৪ বদলিকৃত শিক্ষক ও কর্মচারীর এমপিও ও অন্যান্য আর্থিক সুবিধাদি পূর্ববৎ বজায় থাকবে।

৫.০। **বিবিধ:**

৫.১ বদলির আবেদনের ভিত্তিতে বদলি অধিকার হিসাবে দাবী করা যাবে না।

৫.২ বদলিকৃত শিক্ষক বদলিকৃত কর্মস্থলে যোগদানের জন্য কোন ধরনের টিএ/ডিএ পাবেন না।

৫.৩ আদেশ জারির ১০ দিনের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বদলিকৃত শিক্ষকের এবং আঞ্চলিক পরিচালক বদলিকৃত অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষকের অবমুক্তি নিশ্চিত করে স্বয়ংক্রিয় সফটওয়্যারে তথ্য হালনাগাদ করবেন।

৫.৪ অবমুক্ত হওয়ার পরবর্তী ১০ দিনের মধ্যে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে আঞ্চলিক পরিচালক এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান যোগদানের তথ্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে অনলাইনে অবহিত করবেন।

৫.৫ অবমুক্তি হতে যোগদান পর্যন্ত দিবসগুলো কর্মকাল হিসেবে গণ্য হবে।

৫.৬ কোন শিক্ষক এমপিও স্থগিত (Stop Payment), সাময়িক বরখাস্ত ও ফৌজদারি মামলা চলমান থাকলে তিনি বদলির যোগ্য হবেন না।

৫.৭ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সার্বক্ষনিক মনিটরিং ও তত্ত্বাবধানের ব্যবস্থা রেখে এবং অত্র নীতিমালায় বর্ণিত বিষয়গুলো অন্তর্ভুক্ত করে কারিগরি শিক্ষা অধিদপ্তর বিদ্যমান আর্থিক বিধিবিধান অনুসরণ করে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক বদলি সংক্রান্ত স্বয়ক্রিয় সফটওয়্যার প্রস্তুত, পরিচালনা, হালনাগাদ ও রক্ষণাবেক্ষণ করবে।

৬.০। **রহিতকরণ :**

এই নীতিমালা জারি হওয়ার পর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হতে জারীকৃত ২৬ জুন ২০২৫ তারিখ ৫৭.০০.০০০০.০৫৩.২২.০০২.২৫.৭৯ নং স্মারকে 'স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এনটিআরসিএ সুপারিশপ্রাপ্ত এমপিওভুক্ত শিক্ষক/শিক্ষিকা বদলি নীতিমালা ২০২৫' এতদ্বারা রহিত করা হলো।

৭.০। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ প্রয়োজনে এ নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন ও ব্যাখা প্রদান করতে পারবে।

৮.০। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা জারি করা হলো।

২০/০৮/২০২৫

(মোঃ দাউদ মিয়া এনডিসি)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

নম্বর : ৫৭.০০.০০০০.০৫৩.২২.০০২.২৩-৬৮

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩
২০ মে, ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক , কারিগরি/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ........................................................ (সকল)।
৫. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৭. যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জেলা প্রশাসক,........................................................ (সকল)।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. আঞ্চলিক পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
১৪. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৫. উপজেলা নির্বাহী অফিসার, ............................................................................ (সকল)।
১৬. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. জেলা শিক্ষা অফিসার, ............................................................................ (সকল)।
১৮. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ............................................................. (সকল)।
১৯. অধ্যক্ষ,.............................................(সকল)।
২০. প্রধান শিক্ষক.................................(সকল)।

২০/০৫/২০২৬

ড. মো: মজিদুল হক
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০১১৩০
ইমেইল: dstech3@tmed.gov.bd